



## কোভিড-১৯ আক্রান্ত রোগীর সংজ্ঞা (Case Definition)ঃ

কোভিড-১৯ রোগে আক্রান্ত অধিকাংশ মানুষ সামান্য মাত্রায় রোগ লক্ষণে ভুগে সুস্থ হয়ে যান তবে ১৪% রোগীর শারীরিক অবস্থা খারাপ হয়ে যেতে পারে এবং অক্সিজেন সাপোর্টসহ হাসপাতালে ভর্তি হবার প্রয়োজন হতে পারে এবং ৫% মানুষের শারীরিক অবস্থা অতিমাত্রায় খারাপ হয়ে যাবার কারণে আইসিইউ তে রাখার প্রয়োজন হতে পারে। বার্ষিক্য ও অন্যান্য দীর্ঘমেয়াদী রোগের উপস্থিতি (ডায়াবেটিস, হৃদরোগ, ফুসফুসের দীর্ঘমেয়াদী রোগ, উচ্চ রক্তচাপ, লিভার ডিজিজ, কিডনি রোগ, স্ট্রোক, এইচআইভি, ক্যান্সার ইত্যাদি) কোভিড-১৯ রোগে আক্রান্তদের মৃত্যু ঝুঁকি বাড়িয়ে দেয়।

### সংজ্ঞাঃ

সংজ্ঞা সমূহ: বিশ্ব স্বাস্থ্য সংস্থা (কোভিড-১৯) অবস্থান রিপোর্ট- ৬৩, ২৩ মার্চ ২০২০

#### ✓ সন্দেহ জনক রোগী:

ক) শ্বাসতন্ত্রের সংক্রমণ জনিত রোগীর (জ্বর সাথে শ্বাসতন্ত্রের রোগের যে কোন একটি উপসর্গ, যেমন- কাশি, শ্বাস কষ্ট) এবং উপসর্গ শুরু হওয়ার ১৪ দিনের মধ্যে কোভিড-১৯ উপদ্রত বা সামাজিক সংক্রমণ আছে এমন এলাকায় ভ্রমণ বা বসবাসের ইতিহাস আছে। (বাংলাদেশে এ ধরনের এলাকার তালিকা দেখতে এই লিংকে ক্লিক করুনঃ

[https://www.iedcr.gov.bd/images/files/nCoV/Today\\_8th.pdf](https://www.iedcr.gov.bd/images/files/nCoV/Today_8th.pdf)

অথবা

খ) শ্বাসতন্ত্রের সংক্রমণ জনিত রোগী এবং সুনিশ্চিত বা সম্ভাব্য কোভিড-১৯ রোগীর সাথে উপসর্গ শুরুর ১৪ দিনের মধ্যে সংস্পর্শে এসেছেন।

অথবা

গ) সদ্য শুরু হওয়া মারাত্মক শ্বাসতন্ত্রের রোগী (জ্বর ও সাথে অন্তত একটি শ্বাসতন্ত্রের রোগের উপসর্গ, যেমন- কাশি, শ্বাসকষ্ট, ও হাসপাতালে ভর্তির প্রয়োজন আছে) এবং রোগীর উপসর্গ সমূহের ব্যাখ্যা কোন বিকল্প রোগ দিয়ে করা যায়না এমন ক্ষেত্রে।

#### ✓ সম্ভাব্য রোগী:

ক) সন্দেহজনক রোগী যার কোভিড-১৯ পরীক্ষার ফল অমীমাংসিত

অথবা

খ) সন্দেহজনক রোগী যাকে কোন কারণে পরীক্ষা করা যায়নি।

#### ✓ সুনিশ্চিত রোগী:

যে কোন উপসর্গই থাকুক না কেন ল্যাবরটরী পরীক্ষায় কোভিড-১৯ প্রমাণিত।

#### ✓ সংস্পর্শে আসার সংজ্ঞা:

সম্ভাব্য বা সুনিশ্চিত কোভিড-১৯ রোগীর উপসর্গ শুরুর ২ দিন পূর্ব হতে ১৪ দিন পর্যন্ত কোন ব্যক্তির নিম্নরূপ সংস্পর্শ হলে:

১) সম্ভাব্য বা সুনিশ্চিত রোগীর মুখোমুখি সংস্পর্শ- ১ মিটারের(৩ ফুট) মধ্যে ও ১৫ মিনিটের অধিক সময় ধরে অবস্থান

২) সম্ভাব্য বা সুনিশ্চিত রোগীর সাথে সরাসরি শারীরিক সংস্পর্শ

৩) সম্ভাব্য বা সুনিশ্চিত কোভিড-১৯ রোগীকে যথাযথ ব্যক্তিগত সুরক্ষা (পিপিই) ব্যতীত সরাসরি সেবা প্রদান।



৪) স্থানীয় ঝুঁকি নিরূপণ পর্বক অন্যান্য অবস্থা।

**কাদের ল্যাব পরীক্ষা করা হবে?ঃ**

- ✓ যে কোনও সন্দেহভাজন রোগীর (সংজ্ঞা উপরে দেখুন) ক্ষেত্রে মলিকুলার (আরটি-পিসিআর) পরীক্ষা করে COVID-19 ভাইরাস এর উপস্থিতি নিশ্চিত করা যেতে পারে। তবে পরীক্ষাটির কার্যকারিতা নির্ভর করে সংক্রমণের তীব্রতার উপর, রোগীর সংখ্যার উপর এবং পরীক্ষাগারের সক্ষমতার উপর। কোন দেশের বা অঞ্চলের স্থানীয় সংক্রমণ অবস্থা অনুসারে বা কমিউনিটি ট্রান্সমিশন এর অবস্থা জানার উদ্দেশ্যে সন্দেহভাজন রোগীর সংজ্ঞা শিথিল বা পরিবর্তন হতে পারে।
- ✓ **বাংলাদেশে কি এই পরীক্ষাটি হয়?**  
হ্যাঁ, বাংলাদেশে বর্তমানে মহাখালিস্থ রোগতত্ত্ব, রোগ নিয়ন্ত্রণ ও গবেষণা ইনস্টিটিউট (আইইডিসিআর) সহ সারা দেশে মোট ১৭ টি ল্যাবে পরীক্ষাটি হয়। তবে এই পরীক্ষাটি করার প্রয়োজন মনে করলে সরাসরি প্রতিষ্ঠানটিতে চলে আসার আগে প্রথমে আইইডিসিআর এর হটলাইন নাম্বার ১০৬৫৫ বা জাতীয় স্বাস্থ্য বাতায়ন ১৬২৬৩ বা সরকারি তথ্যসেবা নাম্বার ৩৩৩ এ ফোন করুন।

হালনাগাদ তথ্যের জন্যঃ

<https://apps.who.int/iris/rest/bitstreams/1270873/retrieve>